অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2025 **গভর্নর ক্যাথি হোকল**

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: USA TODAY তে গভর্নর হোকলের মতামত: শিশুদের অ্যালগরিদমিকের প্রভাব থেকে সুরক্ষা প্রয়োজন। ফোন নিষেধাজ্ঞা প্রদানের মাধ্যমে তা করা সম্ভব।

আজ, USA Today নেটওয়ার্ক গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর একটি মতামত প্রকাশ করেছে, যেখানে তিনি নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে আমাদের শিশুদের জন্য লড়াই করার প্রতিশ্রুতি প্রদান করেছেন, যার মধ্যে রয়েছে তার যুগান্তকারী ফোন নিষেধাজ্ঞা, ক্ষতিকারক সোশ্যাল মিডিয়া অ্যালগরিদমের বিরুদ্ধে তার কঠোর পদক্ষেপ ও উদীয়মান AI হুমকির বিরুদ্ধে তার সক্রিয় অবস্থান। Op-ed-এর লেখা অনলাইনে দেখা যাবে এবং এটি নিচে দেওয়া হলো:

শিক্ষাবর্ষ দ্রুত শেষ হয়ে আসার পাশাপাশি, আনেক বাবা-মা শ্রীঘ্রই তাদের সন্তানদের স্কুলে নিয়ে যাওয়ার দৈনন্দিন লড়াইয়ের পরিবর্তে তাদের ফোন থেকে মনোযোগ সরানোর চেষ্টা করবেন। স্মার্টফোন ও সোশ্যাল মিডিয়া আমাদের সন্তানদের উপর এক ধরনের প্রভাব বিস্তার করে রেখেছে। তারা প্রতিদিন ঘণ্টার পর ঘণ্টা তাদের ফোনে অতিবাহিত করছে, অন্যের সাথে যোগাযোগ করার পরিবর্তে স্ক্রলিং করছে, নিজের জীবনকে নিয়ন্ত্রণ করার পরিবর্তে অন্যের রিলে বিমোহিত হয়ে যাচ্ছে। এবং এটি একটা প্রভাব ফেলছে। আমাদের সন্তানরা আরও বন্ধুহীন, আরও উদ্বিগ্ন ও ক্রমাগতভাবে বিচ্ছিন্ন হয়ে পড়ছে।

আমরা যুবকদের একটি মানসিক স্বাস্থ্যগত সমস্যার মধ্যে রয়েছি। গবেষণাটি এটি তুলে ধরে, কিন্তু আমার আর কোন সুপ্রষ্ঠিত ব্যাখ্যার প্রয়োজন নেই—আমি এই স্টেট জুড়ে অভিবাবক, শিক্ষক ও কিশোর-কিশোরীদের কাছ থেকে সরাসরি এই বিষয়টি সর্ম্পকে শুনেছি। এবং সেখানেই আমি যাই, সেখানে একই কথা শুনি: আসক্তি সৃষ্কিকারী প্রযুক্তি আমাদের সন্তানদের ক্ষতি করছে।

নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে, এই বিষয়টি আমার কাছে গুরুত্বপূর্ণ। আমি কিশোর-কিশোরীদের লালন পালন করেছি। আমি জানি একজন অভিভাবক কতটা আসহায় বোধ করেন যখন তাদের সন্তান কষ্টা পায়। এটি হচ্ছে পৃথীবীর সবচেয়ে খারাপ অনুভূতি। তাই আমি বুঝতে পেরেছি যে আমাদের এ বিষয়ে কিছু করতে হবে।

আমি অর্ধেক কাজ করি না। আমি সহজভাবে এই সমস্যা নিয়ে কথা বলছি না। আমি এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছি।

গত বছর, আমি আমাদের সন্তানদের সোশ্যাল মিডিয়া ফিডগুলোকে নিয়ন্ত্রণ করে রাখা আসক্তিকর অ্যালগরিদমগুলোর বিরুদ্ধে একটি জোরালো ও সন্তোষজনক পদক্ষেপ গ্রহণ করেছি। এটি সম্পর্কে আমাদের তরুণদের বলা হচ্ছে না যে তারা সোশ্যাল মিডিয়া ব্যবহার করতে পারবে না। এটি সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে বলার কথা ছিল, আপনারা আমাদের সন্তানদের কল্যাণকে কেন্দ্র করে অর্থ উপার্জন করতে পারবেন না।

কিন্তু, শুধুমাত্র সোশ্যাল মিডিয়াই একমাত্র হুমকি নয়। এত দ্রুত অগ্রগতিতে ঘটে চলা, প্রযুক্তি-নির্ভর এই বিশ্বে, অনিয়ন্ত্রিত AI-কর্তৃক পরিচালিত প্রযুক্তি নতুন ঝুঁকি তৈরি করছে, যেমন AI চ্যাটবট যা ব্যক্তিগত সম্পর্ককে অনুকরণ করে এবং ডিপফেক অ্যাপ যা প্রাপ্তবয়স্কদের অশ্লীল ছবি তৈরি করে।

গত বছর আমরা নিষ্ক্রিয়তার ভয়ঙ্কর পরিণতি দেখেছিলাম, যখন 14-বছর বয়সী একটি ছেলের AI সঙ্গীর সাথে অনৈতিক সম্পর্ক গড়ে ওঠার পরে আত্মহত্যা করে। আমরা AI-কর্তৃক পরিচালিত "নগ্ন করার" অ্যাপ্লিকেশন ও ওয়েবসাইটগুলোর একটি উদ্বেগজনক বৃদ্ধি দেখেছি যা প্রকৃত বাচ্চদের ভুয়া নগ্ন ছবি তৈরি করার জন্য ব্যবহার করা হচ্ছে যেগুলি প্রায়ই কিশোরীদের লক্ষ্যবস্ত করে – 2024 সালের শুরুর দিকে শুধুমাত্র, 16টি এমন ওয়েবসাইট 200 মিলিয়নের বশি বার ভিজিট করা হয়েছে।

আমার স্টেট বাজেট এই ডিজিটাল হুমকিগুলো সরাসরি মোকাবেলা করার জন্য প্রস্তুত। এটি AI সঙ্গীদের জন্য দেশের মধ্যে প্রথম সুরক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করে — নিউ ইয়র্কের AI সঙ্গী অপারেটরদের একটি সুরক্ষা প্রোটোকল বাস্তবায়ন করতে বাধ্য করে যদি কোনো ব্যবহারকারী নিজের ক্ষতির বিষয়ে কথা বলেন, যেমন ব্যবহারকারীদের একটি সমস্যা হটলাইনে রেফার করা। আর আমি আমাদের আইনগুলো উন্নত করছি যাতে করে AI-এর মাধ্যমে সৃষ্ট শিশু যৌন নির্যাতনের উপাদনকে শিশু পর্নোগ্রাফি হিসেবে বিবেচনা করা যায়।

কিন্তু সোশ্যাল মিডিয়া ও AI-সৃষ্ট ওয়েবসাইটগুলো ধাঁধার কয়েকটি অংশ মাত্র। কোন প্রক্রিয়াতে এই প্ল্যাটফর্মগুলোকে শিশুদের জীবনযাপনে আধিপত্য বিস্তার করতে দেয়? এটি শুধুমাত্র স্ক্রীনে যা আছে তা নয়, এটি সত্য যে স্ক্রীন সবসময় চালু থাকে। আমাদের সন্তানদের পকেটে সমসময় গুঞ্জন চলছে, তাদের ডেস্কে আলো জ্বলছে, হোমরুম থেকে ক্যাফেটেরিয়া তাদের সাথে চলছে।

এটির দীর্ঘস্থায়ী পরিণতি রয়েছে: শ্রেণীকক্ষ যেখানে বাচ্চারা নীরবে বসে থাকে। কোলাহলমুক্ত হলসমূহ। লাঞ্চের টেবিলগুলোতে শিক্ষার্থী পরিপূর্ণ রয়েছে কিন্তু তারা একে অপরের সাথে কথা বলার পরিবর্তে টেক্সট করছে। যখন কিশোর-কিশোরীরা তাদের স্কুলের সময়ের এক চতুর্থাংশ তাদের ফোনে অতিবাহিত করে, তখণ তারা সেই মৌলিক সামাজিক উন্নয়ন থেকে বঞ্চিত হয় যা তাদের সক্ষম, আত্মবিশ্বাসী প্রাপ্তবয়স্ক হিসেবে গড়ে তোলে।

এবং তাদের ক্রমাগত অনলাইনে থাকার চাহিদা অবিরাম। একজন শিক্ষার্থী আমাকে বলেছিল, "আপনাকে আমাদের নিজেদের কর্মকাণ্ড থেকে রক্ষা করতে হবে। আমরা আমাদের ফোন ব্যবহার করা বন্ধ করতে পারব না, নাহলে আমরা অজ্ঞ হয়ে থাকব। কারণ আমরা উপেক্ষিত হতে পারি না।"

এ কারণে, এই শরৎকাল থেকে, আমি আমাদের সন্তানদের তদের শৈশব ফিরিয়ে দেওয়ার জন্য একটি সাহসী পদক্ষেপ গ্রহণ করছি এবং শ্রেণীকক্ষে ঘণ্টার পর ঘণ্টা ধরে মোবাইল ফোনের ব্যবহার নিষিদ্ধ করছি। কারণটা এখানেই: আমাদের তরুণরা তখনই সফল হয় যখন তারা শিখছে এবং বেড়ে, শুধুমাত্র ক্লিক ও স্ক্রল করছে না।

এ বিষয়ে ভাবুন – আমরা সন্তানদের বন্ধুত্বের বিষয়ে 100 টি অনলাইন ভিডিও দেখিয়ে বন্ধু বানানো শেখাতে পারি না। আমরা তাদেরকে খেলার মাঠে নিয়ে যাই। একটি বেসবল কীভাবে টস করতে হয় তা আমরা তাদেরকে ইউটিউবে দেখাই না। আমরা তাদের সাথে ক্যাচ খেলি।

আমাদের সন্তানদের বাস্তবজীবনে ফিরিয়ে আনতে হবে।

তাহলে চলুন ফিরিয়ে যাই সেই স্মৃতিময় সময়ে, যখন আমরা সবাই বাড়ির ভিতরে বসে ছিলাম, আমাদের ফোনের কাছে বন্ধি ছিলাম না। "অফলাইনে যান, বাইরে যান" ("Get Offline, Get Outside" initiative) এই উদ্যোগের পেছনে এটাই আমার উৎসাহ।

আমাদের সন্তানদের বিনোদন ও বাইরের পরিবেশ উপভোগ করার জন্য আমি কমিউনিটি সেন্টার, খেলার মাঠ ও সুইমিং পুল তৈরি করতে এবং সংস্কার করতে বিনিয়োগ করেছি। আমি ব্যাপকভাবে যুব কর্মসূচি সম্প্রসারণ করছি, যাতে করে আরও হাজার হাজার শিশুকে স্থানীয় ফুটবল টিমে যোগ দিতে বা একটি সামাজিক থিয়েটার কর্মসূচিতে অংশ গ্রহণ করতে সাহায্য করা যায়। আর আমাদের গ্রীষ্মকালীন যুব কর্মসংস্থান কর্মসূচিটি (Summer Youth Employment Program) কয়েক হাজার তরণ-তরুণীদের পার্ক, গ্রীষ্মকালীন ক্যাম্প, সাংস্কৃতিক কেন্দ্র ও কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানের মতো ভালো মানের গ্রীষ্মকালীন কর্মসংস্থান খুঁজে পেতে সাহায্য করবে।

আমি কখনও আমাদের সন্তানদের জন্য লড়াই বন্ধ করব না। কারণ আপনাদের পরিবারের জন্য লড়াই করা আমার লক্ষ্য। আমি এটি প্রথম দিন বলেছিলাম, এবং আজও আমি এ কথা যথার্থভাবে বলছি।

গ্রীষ্মকাল চলে এসেছে। চলুন অফলাইনে যাই এবং বাইরে বেরিয়ে আসি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন